# ১২ তারিখ ন্যায়ের পাওনা নিয়ে ঘরে ফিরবে মানুষ: জামায়াত আমির



জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান

নাটোরে নির্বাচনী জনসভায় জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, দেশে সত্যের পক্ষে জনজোয়ার তৈরি হয়েছে। নারী-পুরুষ সমানভাবে সমাবেশে অংশ নিচ্ছে, যা পরিবর্তনের ইঙ্গিত দিচ্ছে। তিনি ১২ তারিখের জন্য প্রস্তুত থাকতে আহ্বান জানিয়ে বলেন, ওই রাতেই মানুষ নিজেদের ন্যায্য পাওনা সঙ্গে নিয়ে ঘরে ফিরবে।

বৃহস্পতিবার বিকেলে নবাব সিরাজ-উদ্-দৌলা সরকারি কলেজ মাঠের সভায় তিনি অভিযোগ করেন, লুটপাট ও পাচারের মাধ্যমে বিপুল অর্থ দেশ থেকে বাইরে নেওয়া হয়েছে। সুযোগ পেলে সেই অর্থ ফিরিয়ে এনে রাষ্ট্রীয় কোষাগারে জমা করা হবে এবং বঞ্চিত এলাকাগুলোকে অগ্রাধিকার দিয়ে উন্নয়ন করা হবে।

তিনি ন্যায়বিচারের প্রশ্নে বলেন, অপরাধ করলে সাধারণ মানুষ থেকে রাষ্ট্রের সর্বোচ্চ পদে থাকা ব্যক্তি—সবাইকে একই আইনের আওতায় আনতে হবে। ভোটাররা দুর্নীতিবাজদের বিরুদ্ধে অবস্থান নিয়েছে বলেও মন্তব্য করেন তিনি।

LENS ASIA

যুবকদের জন্য কাজের সুযোগ তৈরির প্রতিশ্রুতি দিয়ে তিনি বলেন, তরুণদের সামর্থ্য কাজে লাগানোর পরিবেশ নিশ্চিত করা হবে।

সভায় নুরুল ইসলাম বুলবুল, এস এম ফরহাদ, ইব্রাহিম রনি এবং জেলা জামায়াতের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।